# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৯৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির প্রদত্ত সাদাকাহ কিয়ামতের দিন তার জন্য ছায়া হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذكر البيان بأن ظل كل امرىء فِي الْقِيَامَةِ يَكُونُ صَدَقَتَهُ

---

আরবী

3299 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا حَرْمَلَةُ بْنُ عِمْرَانَ أَنَّهُ سَمِعَ يَزِيدَ بْنَ أَبِي حَبِيبٍ أَنَّ أَبَا الْخَيْرِ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
(كُلُّ امرىء فِي ظِلِّ صَدَقَتِهِ حَتَّى يُقضى بَيْنَ النَّاسِ) أَوْ قَالَ: (حَتَّى يُحكَمَ بَيْنَ النَّاسِ)
قَالَ يَزِيدُ: فَكَانَ أَبُو الْخَيْرِ لَا يُخْطِئُهُ يومٌ لَا يتصدَّق فِيهِ بشيءٍ وَلَوْ كَعْكَةً وَلَوْ بَصَلَةً
الراوي : عُقْبَة بْن عَامِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3299 | خلاصة حكم المحدث: صحيح – ((التعليق الرغيب)) (2/ 25).

বাংলা

৩২৯৯. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “প্রতিটি ব্যক্তি কিয়ামতের দিন মানুষের মাঝে ফায়সালা না হওয়া পর্যন্ত তার সাদাকার ছায়ার নিচে থাকবে। অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন,) যতক্ষন না মানুষের মাঝে বিচার করা হবে।”[1]

ইয়াযিদ রহিমাহুল্লাহ বলেন, “অতঃপর আবুল খাইর একদিনও সাদাকাহ করা বাদ দিতেন না। যদিও সেটা একটা পেঁয়াজ অথবা একটি রুটি হয়।”

ফুটনোট

[1] আবূ নুআইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/১৮১; ইবনুল মুবারাক, আয যুহদ: ৬৪৫; মুসনাদ আহমাদ: ৪/১৪৭-১৪৮; আবূ ইয়ালা: ১৭৬৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৩১; হাকিম: ১/৪১৬; তাবারানী আল কাবীর: ১৭/৭৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব:২/২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92630

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন